গ্রাম ডাক্তার কল্যান সমিতির পক্ষে সভাপতি আব্দুস সাত্তার বনাম গ্রাম ডাক্তার জোবায়ের মোহাম্মদ থান আজাদ

গ্রাম ডাক্তার জোবায়ের মোহাম্মদ থান আজাদ 'গ্রাম ডাক্তার প্রশিক্ষণ সহায়িকা' নামক একটি পুস্তক সাহিত্যকর্মের আওতায় প্রকাশক হিসেবে মুদ্রণশৈলী সংরক্ষণ ও বিক্রয়ের স্বত্ব হিসেবে রিলেটেড রাইট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করেন।

পুস্তকটির রচয়িতা-সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সি.এম.ই) স্বাস্থ্য অধিদপ্তর। ফলে এ বিষয়ে মতামত চেয়ে সি.এম.ই. এর পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিচালক (প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা)-কে পত্র প্রেরণ করা হয়। পত্রের জবাবে সি.এম.ই এর পরিচালক জানান যে, গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির লিখিত অনুরোধে এ প্রশিক্ষণ সহায়িকা তৈরী হয়। এটি তৈরী ও চূড়ান্ত করার জন্য ২,৪৯,৯০০/- টাকার চেক সি.এম.ই তে জমা দেওয়া হয়েছিল। তন্মধ্যে ১,৮২,১০০/- টাকা ব্যয় বাবদ রেখে অব্যয়িত ৬৭,৮০০/- টাকার চেক ফেরত দেওয়া হয়। এছাড়া পরিচালক, পি.এইচ.সি. উক্ত প্রশিক্ষণ সহায়িকাটি কপিরাইট আইন অনুযায়ী রেজিস্ট্রেশন করা যায় মর্মে তার ২৮-১২-২০১৭ ইং তারিখের পত্রে মতামত প্রদান করেন।

গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির পক্ষে জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদ ডিরেক্টর, সি.এম.ই-কে ২,৪৯,০০০/- টাকা পে অর্ডারের মাধ্যমে টাকা প্রেরণ করেন। ডিরেক্টর, সি.এম.ই তা গ্রহণ করে অব্যয়িত ৬৭,৮০০/- টাকা জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদ কে চেকের মাধ্যমে ফেরত দেন।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব গত ০১-০৯-২০১৬ তারিখে নং- ৪৫.১৬২.০০১. ০০. ০০. ০০১. ২০১৩-২৯৬ সংখ্যক স্মারকে গ্রাম ডাক্তার রোগ প্রতিরোধ ও পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং উপজেলা স্বাস্থ্য কেন্দ্রে গ্রাম ডাক্তারদের প্রশিক্ষণ শুরুর বিষয়ে কিছু শর্তসাপেক্ষে অনুমতি প্রদান করেন। এর অন্যতম শর্ত ছিল প্রশিক্ষণের বিষয়ে স্বাস্থ্য অধিপ্তরের অনুমোদিত মডিউল ব্যবহার করতে হবে। মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে প্রেরিত উক্ত পত্রের অনুলিপি গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সভাপতি জনাব আব্দুস সাত্তার ও সমন্বয়কারী জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদকে প্রদান করা হয়। এ থেকে অনুমিত হয় যে, আবেদনকারীর সঙ্গে এই সংক্রান্ত প্রশিক্ষণ ও প্রকাশনার সুস্পষ্ট সম্পর্ক বিদ্যমান ছিল।

বিগত ০২ ডিসেম্বর ২০১৫ তারিখে গ্রাম ডাক্তার জোবায়ের মোহাম্মদ থান আজাদের সঙ্গে গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সভাপতি ও সাধরণ সম্পাদক একটি চুক্তিপত্র স্বাক্ষরিত হয়। কপিরাইট রেজিস্ট্রেশনের আবেদনের সঙ্গে আবেদনকারী তা দাখিল করেন।

পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ১৯-০১-২০১৭ তারিখের নং-স্ব:অধি:/পিএইচসি/এনজিও/২০১৬/০৬ সংখ্যক স্মরকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের উল্লেখিত নির্দেশনার আলোকে গ্রাম ডাক্তার প্রশিক্ষণের জন্য যে পত্র জারি করেন উক্ত পত্রেও সভাপতির পাশাপাশি সমন্বয়কারী হিসেবে জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদকে অনুলিপি প্রদান করেন। উক্ত চুক্তিপত্র পর্যালোচনায় দেখা যায়- গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সভাপতি গ্রাম ডাক্তার আব্দুস সাত্তার ও সাধারণ সম্পাদক গ্রাম ডাক্তার আবু ইউসুফ থান বাদলের সঙ্গে আবেদনকারী গ্রাম ডাক্তার জোবায়ের মোহাম্মদ থান আজাদের যে চুক্তি হয় এতে উল্লেখ করা হয়েছে যে, এ প্রশিক্ষণ মডিউলের সমুদয় খরচ ও প্রশিক্ষণ পরিচালনা করানোর খরচ প্রথম পক্ষ অর্থাৎ জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদ বহন করবেন এবং মডিউলের স্বত্ব, প্রকাশক হিসেবে প্রথম পক্ষের অর্থাৎ জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদের থাকবে।

চুক্তির শর্ত এবং সরকারি পর্যায়ের বিভিন্ন পত্র এবং সর্বোপরি পরিচালক, সি.এম.ই বরাবর পে অর্ডারের মাধ্যমে প্রশিক্ষণ মডিউলের ব্যয় পরিশোধ ইত্যাদি থেকে এটা সুস্পষ্টভাবে প্রমানিত হয় যে, কপিরাইট রেজিস্ট্রেশনের আবেদনকারী জনাব জোবায়ের মোহাম্মদ থান আজাদ ম্যানুয়েলটির বানিজ্যিক স্বত্বের অধিকারী।

পরবর্তীতে শুনানিকালে উভয়পক্ষ চুক্তিনামায় উল্লিখিত স্বাক্ষরটি নিজেদের মর্মে স্বীকার করেন। কিন্তু সভাপতির সঙ্গে উপস্থিত সাংগঠনিক সম্পাদক শেখ মো: মশিউর রহমান জানান যে, উক্ত চুক্তিনামাটি সম্পর্কে তাদের সন্দেহ রয়েছে। কারণ সৃষ্ট চুক্তিনামায় মেয়াদের কথা উল্লেখ ছিলো ০১ (এক) বছর, যেটা আবেদনকারী কর্তৃক দাখিলকৃত চুক্তিনামায় নেই। এ প্রেক্ষিতে প্রতিপক্ষকে মূল চুক্তিনামা দাখিলের জন্য বলা হলে তারা জানান যে, মূল চুক্তিনামার কোন কপি তাদের কাছে নেই। তবে তারা নোটারী পাবলিক থেকে সত্যায়িত কপি সংগ্রহ করে দাখিল করতে পারবে। তৎপ্রেক্ষিতে ২২-০১-২০১৮ তারিখে গ্রাম ডাক্তার সমিতির সাংগঠনিক সম্পাদক জনাব মশিউর রহমান উল্লিখিত চুক্তিপত্রের সার্টিফাইড কপি দাখিল করেন। এ দাখিলকৃত সত্যায়িত কপি পর্যবেক্ষণে দেখা যায়, পুরোনো চুক্তিপত্রে উল্লিখিত সমস্ত তথ্য হুবহু এক এবং সত্যায়নকারী এডভোকেট এক থাকলেও এ সত্যায়িত কপিতে একটি বাক্য জুড়ে দিয়ে বলা হয়েছে যে, "এ চুক্তির মেয়াদ প্রশিক্ষণের অনুমতির তারিখ থেকে এক বছর পর্যন্ত বহাল থাকিবে"। ফলে চুক্তিপত্রের সঠিকতা যাঁচাইয়ের জন্য সংশ্লিষ্ট নোটারী পাবলিক হিসেবে সত্যায়নকারী এডভোকেটকে ব্যক্তিগতভাবে হাজির হয়ে এ সম্পর্কে মতামত দেওয়ার জন্য নোটিশ করা হয়।

নোটারী পাবলিক এডভোকেট জনাব সৈয়দ মহিউদ্দিন গত ০৩-০৪-২০১৮ ইং তারিখে ব্যক্তিগতভাবে হাজির হয়ে জানান যে, উভয় চুক্তিনামা তিনি সত্যায়ন করেছেন। লিখিত বক্তব্যে তিনি জানান যে, তিনি নিজের কাছে কোন মূল কপি সংরক্ষণ করেন না। গত ১২-১০-২০১৭ তারিখে গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির পক্ষে যে অবিকল নকল কপি প্রদান করা হয়েছিল, তিনি তাই সত্যায়ন করে দিয়েছেন। প্রতিপক্ষের সৃজিত চুক্তিপত্রের ফটোকপির ভিত্তিতে তিনি এই চুক্তিপত্র সত্যায়ন করেন। এ বিষয়ে গত ৭ মে ২০১৮ তারিখে কপিরাইট অফিসে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে গ্রাম ডাক্তার কল্যাণ সমিতির সাংগঠনিক সম্পাদক শেখ মো: মশিউর রহমান লিখিত বক্তব্যে দাখিল করে জানান যে, ২২-০১-২০১৮ তারিখে তার দ্বারা দাখিলকৃত চুক্তিপত্রের অবিকল কপিটি জাল ও ভুঁয়া এবং এই জাল ও ভুঁয়া কাগজপত্র দাখিলের জন্য তিনি দু:খিত ও ক্ষমাপ্রার্থী।

উক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে এটা সুস্পষ্টভাবে প্রমানিত হয় যে, আবেদনকারী জোবায়ের মোহাম্মদ থান আজাদ এর দাখিলকৃত চুক্তিনামাটি সঠিক এবং চুক্তির শর্তানুসারে বিনিয়োগকারী ও প্রকাশক হিসেবে তিনি প্রশিক্ষণ সহায়িকাটির মুদ্রণশৈলী সংরক্ষণের অধিকারী। অতএব আবেদনকারীর কপিরাইটের আবেদন মঞ্জুর।